

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩১.২১.০১৭.২৪ নথির বিষয়: "Supply of e-PRV IP server at SWTP Coumpund" কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।
নোট: ১ নোটের বিষয়: "Supply of e-PRV IP server at SWTP Coumpund" কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৬/৫/২৪ ৪:৩৮ অপরাহ্ন

অনুগ্রহ পূর্বক সংযুক্ত ক্রমিক নং-০১ হতে ০৪ পর্যন্ত দেখা যেতে পারে। সর্বিনয়ে জানানো যাচ্ছে যে, সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ হতে প্রতিদিন ৪৫ কোটি লিটার বিশুদ্ধ পানি মহানগরবাসির জন্য সরবরাহ করা হচ্ছে। সায়েদাবাদ পানি শোধনাগারের ৪৬ কি.মি দীর্ঘ পানির মেইন ট্রান্সমিশন লাইনে ৪১ টি নোডাল পয়েন্টে প্রেসার রিডিউসিং ভাল্ব, বাটারফ্লাই ভাল্ব, এয়ার রিলিজ ভাল্ব, গেট ভাল্ব ও ওয়াস আউট ভাল্ব সহ বিভিন্ন ধরনের ভাল্ব চেম্বার রয়েছে। তাছাড়া পদ্মা পানিমোধানাগারের ৫ টি নোডাল পয়েন্ট প্রেসার রিডিউসিং ভাল্ব ও সাপাশো রক্ষণাবেক্ষণ বিভাগ কর্তৃক পরিচালন করা হয়। সাপাশো এর Transmission Network এ মোট ৪১ টি ম্যানুয়াল PRV এবং Flow meter পরিবর্তন করে সেখানে e-PRV এবং e-Flow meter স্থাপন করা হয়েছে। এর ফলে বিভিন্ন Nodal Point এর status (Flow, Pressure), real time monitoring করা যাচ্ছে এবং প্রয়োজন অনুযায়ী Remotely, Nodal Point এর flow এবং Pressure Control করা হচ্ছে। উক্ত কাজ গুলি সাপাশো সেন্ট্রাল সার্ভিসের মাধ্যমে পরিচালন করা হয়। ফলে প্রায় সময়ই e-PRV এবং e-Flow meter এর ডাটা প্রায় সময়ই বিঘ্ন ঘটে। শুধুমাত্র e-PRV সার্ভিসের জন্য পৃথক Public IPv4 নেটওয়ার্ক তৈরী করার জন্য Mirotic Server প্রয়োজন। যেহেতু পানি সরবরাহ ব্যবস্থা স্পর্শকাতর বিষয় Remort control & Telemetry (RTU)/SCADA Server এর নিরাপত্তা ব্যবস্থা যথাযথ রাখতে হবে। যাতে করে অযাচিত ব্যক্তি/বহিরাগত কেউ নেটওয়ার্কে প্রবেশ করতে না পারে এবং সহজেই নিয়ন্ত্রন করা সহ ডাটা সংরক্ষন করা যায় সে জন্য PWD-2022 এর অনুমোদিত রেসিডিউল অনুযায়ী প্রাক্কলন করা হয়েছে। যার টাকার পরিমান দাঁড়াইয়াছে টাঃ ২,৬৭,৫৮৬/- (দুই লক্ষ সাতষট্টি হাজার পাঁচশত ছিয়াশি) টাকা মাত্র।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৬/৫/২৪ ৪:৪১ অপরাহ্ন

২০২৩-২৪ ইং অর্থ বছরের অনুমোদিত সংশোধিত রাজস্ব বাজেটের পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) (কোড ০১-০৪-০১১) খাত হতে নির্বাহ করা হবে। এবং ২০২৩-২৪ ইং অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভূক্ত ক্রয় কাজটি সরাসরি দরপত্র পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন রয়েছে। আলোচ্য কাজটি সংশোধিত বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-১৯১ এবং প্যাকেজ নং-W-100 তে অন্তর্ভুক্ত রয়েছে। সেই আলোকে আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৭৬ (১) এর (ট) ধারা অনুসারে সরাসরি কার্যক্রয় পদ্ধতি এর মাধ্যমে ঠিকাদারী প্রতিষ্ঠান 69 Systems কে নিয়োজিত করে কাজটি সম্পাদনের প্রস্তাবনা পেশ করা হ'ল।

সংযুক্তিসমূহ (৪):

- ১। ২০২৩-২৪ অর্থ বছরের এর অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- ২। ট্রান্সমিশন নেটওয়ার্কে বিদ্যমান e-PRV, flow meter, RTU and SCADA system এর লাইভ ড্যাশবোর্ড ছবি।
- ৩। PWD-2022 এর অনুমোদিত রেসিডিউল এর কপি।
- ৪। আলোচ্য কাজের প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৬/৫/২৪ ৪:৪৩ অপরাহ্ন

এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.১ পর্যন্ত বর্ণনালোকে "Supply of e-PRV IP server at SWTP Coumpund" শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৭৬ (১) এর (ট) ধারা অনুসারে সরাসরি ঠিকাদারী প্রতিষ্ঠান 69 Systems এর সহিত চুক্তির মাধ্যমে বাস্তবায়নের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন টাঃ ২,৬৭,৫৮৬/- (দুই লক্ষ সাতষট্টি হাজার পাঁচশত ছিয়াশি) টাকা মাত্র এর অনুমোদন।

গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) (কোড ০১-০৪-০১১) খাত হতে নির্বাহের অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

৬/৫/২৪ ৬:০৬ অপরাহ্ন
সুব্রত কুমার দেব
উপ-সহকারী প্রকৌশলী
সায়াদাবাদ পানি শোধনাগার
(রক্ষণাবেক্ষণ)

৬/৫/২৪ ৬:১১ অপরাহ্ন
মোহাম্মদ মশিউর রহমান ডুএঃ
সহকারী প্রকৌশলী
সায়াদাবাদ পানি শোধনাগার
(রক্ষণাবেক্ষণ)

৬/৫/২৪ ৬:১১ অপরাহ্ন
সৈয়দ মোস্তাকিম হোসেন
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সায়াদাবাদ পানি শোধনাগার
(রক্ষণাবেক্ষণ)

৬/৫/২৪ ৬:১১ অপরাহ্ন
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
(রক্ষণাবেক্ষণ)

অনুমোদন ১.৩ - তারিখঃ ৬/৫/২৪ ৮:৩৬ অপরাহ্ন
Approved.

৬/৫/২৪ ৮:৩৬ অপরাহ্ন
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

৭/৫/২৪ ১২:১০ পূর্বাহ্ন
সৈয়দ মোস্তাকিম হোসেন
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সায়াদাবাদ পানি শোধনাগার
(রক্ষণাবেক্ষণ)

১২/৫/২৪ ৭:০৬ পূর্বাহ্ন
মোহাম্মদ মশিউর রহমান ডুএঃ
সহকারী প্রকৌশলী
সায়াদাবাদ পানি শোধনাগার
(রক্ষণাবেক্ষণ)

১২/৫/২৪ ৭:০৬ পূর্বাহ্ন
সুব্রত কুমার দেব
উপ-সহকারী প্রকৌশলী
সায়াদাবাদ পানি শোধনাগার
(রক্ষণাবেক্ষণ)